STOPPING TOBACCO ORGANIZATIONS & PRODUCTS

COVID-19 এর কারণে ব্যাপক ব্যয় বৃদ্ধির এই সময়ে, তামাক কোম্পানিগুলোকে ধূমপান-সংশ্লিষ্ট কারণে স্বাস্থ্য সংক্রান্ত ক্ষতির জন্য দায়বদ্ধ করা উচিত

(নিউ ইয়র্ক, জুন 8, 2020) – COVID-19 মহামারী ছড়িয়ে পড়ার সাথে সাথে, বিশ্বব্যাপী তামাক শিল্পের নজরদারি সংস্থা STOP (Stopping Tobacco Organizations and Products, তামাক-সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও পণ্য বন্ধ করা) জনগণ ও স্বাস্থ্য ব্যবস্থার উপর তামাক কোম্পানিগুলো যে বোঝা চাপিয়ে দিয়েছে তার জন্য তাদেরকে দায়বদ্ধ করতে সরকার ও সুশীল সমাজের প্রতি আহ্বান জানিয়ে নিচের বিবৃতিটি প্রকাশ করেছে:

"তামাক কোম্পানিগুলো প্রায় নিশ্চিতভাবেই COVID-19 মহামারীকে আরো গুরুতর করে তুলেছে। বহু দশকব্যাপী তাদের বিষাক্ত ও আসক্তি সৃষ্টিকারী পণ্যগুলোর অবিরাম বিপণন ও বিক্রয়ের ফলে বিশ্বজুড়ে কোটি কোটি মানুষের স্বাস্থ্য দুর্বল হয়ে পড়েছে। তামাকজনিত রোগের চিকিৎসার খরচ স্বাস্থ্য ব্যবস্থাকে প্রচন্ড চাপের মুখে ফেলেছে।

প্রমাণ পাওয়া গেছে যে, ধূমপায়ীরা, সাধারণত নিউমোনিয়া, ফ্লু, ও যক্ষ্মার মতো ফুসফুসের সংক্রমণে আক্রান্ত হওয়ার অধিক ঝুঁকিতে থাকেন। এছাড়াও ধূমপানের ফলে শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস পায় এবং এটি হৃদরোগ, দীর্ঘস্থায়ী শ্বাসজনিত রোগ ও ক্যান্সারের মতো অ-সংক্রামক রোগের একটি প্রধান কারণ। প্রাথমিক পর্যায়ের গবেষণাগুলো নির্দেশ করে যে ধূমপায়ী এবং অ-সংক্রামক রোগে আক্রান্ত ব্যক্তিরা COVID-19 এ আক্রান্ত হলে রোগ দ্রুত বৃদ্ধি পায় এবং ফলাফল আরো গুরুতর হতে পারে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে যে, বেশি বেশি হাত ও মুখের সংস্পর্শ এবং সম্ভাব্য দূষিত পণ্যের কারণে এমনকি ধূমপানের শারীরিক ক্রিয়াও ধূমপায়ীকে COVID-19 এ আক্রান্ত হওয়ার অধিক ঝুঁকিতে ফেলতে পারে।

যেখানে লক্ষ লক্ষ তামাক ব্যবহারকারী ধূমপানজনিত অসুস্থতা এবং COVID-19 সংক্রমণের সম্ভাব্য অধিক গুরুতর অবস্থার সাথে লড়াই করছেন, সেখানে তামাক কোম্পানিগুলো সিগারেট বিক্রি বন্ধ করার এবং ধূমপান ত্যাগে উৎসাহিত করার সরকারি প্রচেষ্টার অব্যাহত বিরুদ্ধাচরণ করে চলেছে। উদাহরণস্বরূপ, বাংলাদেশ ও পাকিস্তানের মত দেশগুলোতে তামাক শিল্প তাদের পণ্য উৎপাদন ও বিক্রয় অব্যাহত রাখার জন্য সফলভাবে ছাড় পেয়েছে। ফিলিপ মরিস ব্রাজিলের মালিকানাধীন একটি কারখানা এমনকি উৎপাদন বৃদ্ধিও করেছে।

এমনকি COVID-19 মহামারীর আগেও তামাকের ফলে বিশ্বব্যাপী স্বাস্থ্য ব্যবস্থার উপর প্রচন্ড চাপ সৃষ্টি হয়েছে। 2018 সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থার একটি গবেষণা অনুযায়ী এক বছরে শুধু ধূমপানের কারণে স্বাস্থ্য খাতে আনুমানিক $462 বিলিয়ন মার্কিন ডলার খরচ হয়। এখন, যখন COVID-19 এ আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধির কারণে স্বাস্থ্য সেবা ব্যবস্থাগুলো ধারণক্ষমতা বৃদ্ধি করছে এবং কিছু কিছু সরকার তাদের অর্থনীতি পুনরায় খুলে দেয়ার প্রস্তুতি নিচ্ছে, জনস্বাস্থ্য খাতে অপর্যাপ্ত বিনিয়োগ ও অবকাঠামোর কারণে আরো বেশি অর্থ যোগানোর প্রয়োজন হবে। দরিদ্র দেশগুলোর

ক্ষেত্রে এই অবস্থা আরো খারাপ: উদাহরণস্বরূপ, *দ্যা ইকোনমিস্ট* এর রিপোর্ট অনুযায়ী প্রত্যেক ব্যক্তির জন্য পাকিস্তানে স্বাস্থ্য খাতে ব্যয় যুক্তরাষ্ট্রের তুলনায় প্রায় দুইশত ভাগের এক ভাগ।

তারপরেও তামাক কোম্পানিগুলো অস্বাভাবিক মুনাফা করে চলেছে। কর্পোরেট অ্যাকাউন্টেবিলিটি ইন্টারন্যাশনাল এর তথ্যমতে শীর্ষ পাঁচটি বহুজাতিক তামাক কোম্পানি 2016 সালে 35 বিলিয়ন ডলার মুনাফা করেছে।
2019 সালে শুধু ফিলিপ মরিস ইন্টারন্যাশনাল একাই $7.1 বিলিয়ন ডলার নেট উপার্জন করেছে বলে জানা গেছে।

আমাদের দৃষ্টিভঙ্গি এই যে, তামাক কোম্পানিগুলোকে অবশ্যই মহামারীর পূর্বে ধূমপানের কারণে হওয়া ক্ষতি এবং বিশ্ব যখন COVID-19 মহামারীতে বিপর্যস্ত হয়ে পড়েছে এখনও ধূমপানের কারণে হওয়া অব্যাহত ক্ষতির জন্য ক্ষতিপূরণ দিতে হবে। সরকারগুলোর কাছে কয়েকটি বিকল্প রয়েছে:

- **তামাকের উপর আবগারী শুল্ক বৃদ্ধি করা:** তামাকের ব্যবহার কমানো এবং সরকারের রাজস্ব বৃদ্ধির জন্য তামাকের উপর শুল্ক বৃদ্ধি হলো সবচেয়ে কার্যকর পদ্ধতিগুলোর একটি। অধিকাংশ LMIC/দেশে, তামাকের উপর ট্যাক্স কম এবং তামাকজাত পণ্যের দাম হাতের নাগালের মধ্যে রয়ে গেছে। উদাহরণস্বরূপ, যুক্তরাজ্য তামাকের উপর কর থেকে 9 বিলিয়ন পাউন্ডের বেশি রাজস্ব আয় করে এবং ফিলিপাইন তামাক খাত থেকে অর্জিত রাজস্ব দিয়ে সর্বজনীন স্বাস্থ্য সেবা খাতে অর্থ যোগান দিচ্ছে।
- **দায়বদ্ধতা:** যেসব সরকার ‘তামাক নিয়ন্ত্রণ বিষয়ক কাঠামোগত কনভেনশন’ নামক বৈশ্বিক চুক্তিতে স্বাক্ষর করেছে, তাদের তামাক কোম্পানিগুলোকে বিভিন্ন প্রশাসনিক, দেওয়ানি ও ফৌজদারি দায়বদ্ধতা/ কার্যধারার মাধ্যমে তাদের দ্বারা সৃষ্ট ক্ষতির জন্য আর্থিকভাবে দায়বদ্ধ রাখার ক্ষমতা রয়েছে। স্বাস্থ্য সেবার খরচ পুনরুদ্ধার প্রচেষ্টার মাধ্যমে স্বাস্থ্য ব্যবস্থার জন্য বহুল প্রয়োজনীয় অর্থের যোগান পাওয়া যেতে পারে। উদাহরণস্বরূপ, যুক্তরাষ্ট্র সরকারকে কমপক্ষে $205 বিলিয়ন ডলার দেয়ার জন্য তামাক কোম্পানিগুলোকে বাধ্য করা হয়েছে। সম্প্রতি আইনি পদক্ষেপ গ্রহণকারীদের মধ্যে একটি হলো ব্রাজিল সরকার; এটি তামাকজনিত রোগের ক্ষতিপূরণের জন্য ফিলিপ মরিস ইন্টারন্যাশনাল এবং ব্রিটিশ আমেরিকান টোবাকোর বিরুদ্ধে ক্ষতিপূরণ চেয়ে মামলা করেছে।
- **তামাক বিক্রির ব্যয় বৃদ্ধি করা:** ধূমপান ত্যাগের জন্য পরিচালিত পরিষেবাগুলোতে অর্থ যোগান দেয়ার উদ্দেশ্যে সরকারের পক্ষ থেকে তামাক কোম্পানিগুলোর উপর ফি ধার্য করা যেতে পারে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরামর্শ অনুযায়ী এরূপ ফি এর মধ্যে থাকতে পারে:
    - তামাক উৎপাদনের ফি
    - আমদানি লাইসেন্সের ফি
    - পণ্য নিবন্ধন ফি
    - তামাক সরবরাহকারী ও খুচরা বিক্রেতাদের জন্য তামাক বিক্রয়ের লাইসেন্স
    - তামাক শিল্প ও খুচরা বিক্রেতাদের ওপর আরোপিত লঙ্ঘনজনিত ফি, যেমন প্রশাসনিক অর্থ সংক্রান্ত জরিমানাসমূহ

STOPPING TOBACCO ORGANIZATIONS & PRODUCTS

  - তামাক শিল্প ও খুচরা বিক্রেতাদের জন্য বার্ষিক তামাক তদারকি/ নিয়ন্ত্রণ ফি।
- **পক্ষপাতদুষ্ট আচরণ ও ফাঁকফোকর বন্ধ করা:** কিছু দেশে তামাক কোম্পানিগুলো কর বিরতি, ছাড় এবং পক্ষপাতিত্ব লাভ করে থাকে। উদাহরণস্বরূপ, 3,000 টনের চেয়ে বেশি তামাক উৎপাদনকারী নিবন্ধিত কৃষকদের জন্য ভিয়েতনামে তামাক পাতা রপ্তানীর ক্ষেত্রে কম্বোডিয়া শুল্ক মওকুফ করে দিয়েছে।

COVID-19 মহামারী চলাকালীন “লজ্জাজনক চটকদার প্রচারণার” সাথে জড়িত থাকার জন্য তামাক কোম্পানিগুলোর বিরুদ্ধে অভিযোগ তোলা হয়েছে। তারা স্বাস্থ্য মন্ত্রণালয়গুলোতে ভেন্টিলেটর, মাস্ক ও পানি সরবরাহের প্রস্তাব দিয়েছে এবং দাতব্য প্রতিষ্ঠানগুলোতে দান করেছে। এই প্রতীকি আচরণসমূহ তাদের সৃষ্ট ক্ষতি এবং ব্যক্তি ও সরকারগুলো থেকে চুষে নেয়া মুনাফার তুলনায় একেবারেই সামান্য।

COVID মহামারী এবং তামাকের মহামারীর কারণে মানুষের যে ক্ষতি হয়েছে তা হয়তো পরিমাপযোগ্য নয়, কিন্তু স্বাস্থ্য সেবা খাত, অর্থনৈতিক পুনরুদ্ধার এবং উন্নত জনস্বাস্থ্যের জন্য বিনিয়োগের ব্যয় শীঘ্রই ব্যাপকভাবে দৃষ্টিগোচর হবে। বিভিন্ন কার্যকর নীতিমালার মাধ্যমে ধূমপান ত্যাগে উৎসাহিত করার জন্য সরকারসমূহের ক্ষমতা রয়েছে, এবং মহামারীর আগে ও মহামারী চলাকালীন সৃষ্ট ক্ষতির জন্য ক্ষতিপূরণ দিতে তারা তামাক কোম্পানিগুলোকে নিশ্চিতভাবেই বাধ্য করতে পারে।”

STOP (Stopping Tobacco Organizations and Products, তামাক-সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও পণ্য বন্ধ করা)
STOP হলো বিশ্বব্যাপী তামাক শিল্পের উপর নজরদারি করার জন্য একটি সংস্থা যার লক্ষ্য হলো তামাক শিল্পের সেসব কৌশল ও কার্যপদ্ধতিগুলো জনসম্মুখে তুলে ধরা যেগুলো জনস্বাস্থ্যের ক্ষতি করে চলেছে। STOP ব্লুমবার্গ ফিলানথ্রোপিস-এর অর্থায়নে পরিচালিত এবং বাথ বিশ্ববিদ্যালয়ের তামাক নিয়ন্ত্রণ সংক্রান্ত গবেষণা দল, গ্লোবাল সেন্টার ফর গুড গভর্নেন্স ইন টোবাকো কন্ট্রোল (GGTC), যক্ষ্মা ও ফুসফুসের রোগ বিরোধী আন্তর্জাতিক ইউনিয়ন (দ্য ইউনিয়ন) এবং ভাইটাল স্ট্র্যাটেজিস এর অংশীদারিত্বে গঠিত। আরো তথ্যের জন্য, exposetobacco.org ওয়েবসাইট দেখুন।